**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 11-06-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**
**Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ -**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ জম্মু কাশ্মীরে পহেলগাঁও হামলার পর ভারতীয় সেনাবাহিনীর ভূমিকার প্রশংসা করে আনা বিধানসভার প্রস্তাবে 'অপারেশন সিন্দুর' কথাটা না থাকায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তাঁর তীব্র সমালোচনা করেছেন।

২/ OBC সংরক্ষণ নিয়ে রাজ্যে চলা জটিলতার অবসানের লক্ষ্যে বিধানসভায় অন্তর্বর্তী তালিকা সংক্রান্ত রিপোর্ট পেশ করা হয়েছে।

৩/ উচ্চ প্রাথমিকে শিক্ষক নিয়োগে আজ কাউন্সেলিং।

৪/ বাংলাদেশের কোটাবিরোধী আন্দোলনে অংশগ্রহণকারী কাকদ্বীপের ভোটার নিউটন দাসের বিষয়ে বিস্তারিত রিপোর্ট চেয়েছে রাজ্য নির্বাচন কমিশন।

৫/ শর্তসাপেক্ষে ১৫ বছরের পুরোনো বাণিজ্যিক গাড়িকে রাস্তায় চালানো যাবে বলে পরিবহন মন্ত্রী জানিয়েছেন।

৬/ আজ জগন্নাথ দেবের স্নান যাত্রা। ধর্মীয় রীতি মেনে জগন্নাথ দেব, বলভদ্র ও দেবী সুভদ্রাকে স্নান করানো হবে।

******************************************************************

জম্মু কাশ্মীরে পহেলগাঁও হামলার পর ভারতীয় সেনাবাহিনীর ভূমিকার প্রশংসা করে আনা বিধানসভার প্রস্তাবে 'অপারেশন সিন্দুর' কথাটা না থাকায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তাঁর তীব্র সমালোচনা করেছেন। মুখ্যমন্ত্রী বিধানসভায় দাঁড়িয়ে 'অসংসদীয়' কথা বলেছেন বলে তিনি অভিযোগ করেন। তাঁর দাবী, ভারতীয় নাগরিক হয়ে মুখ্যমন্ত্রী পাকিস্তান ও সেদেশের প্রধানমন্ত্রীর প্রশংসা করেছেন- যা অত্যন্ত লজ্জাজনক।

উল্লেখ্য, দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা শক্তিশালী করতে কেন্দ্রীয় সরকারের আরো সতর্ক হওয়া দরকার বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিমত ব্যক্ত করেন। জম্মু কাশ্মীরের পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার পর 'অপারেশন সিন্দুর'-এ ভারতীয় সেনা বাহিনীর ভূমিকার প্রশংসা করে আনা বিধানসভায় এক প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, ২৬ জন মানুষের প্রাণ গেলেও হামলায় জড়িতদের এখনও ধরা গেলনা।

এদিকে, শুভেন্দুবাবু মুখ্যমন্ত্রীর বক্তব্যের অপব্যাখ্যা করছেন বলে তৃণমূল কংগ্রেসের পাল্টা দাবী। পাকিস্তান জঙ্গীদের আশ্রয় দিচ্ছে বলে মুখ্যমন্ত্রী ও তৃণমূল নেতারা ইতমধ্যেই সরব হয়েছেন। কিন্তু বিরোধী দলনেতা এবং বিজেপি নেতারা মানুষকে রাজনৈতিকভাবে বিভ্রান্ত করছেন। এর প্রেক্ষিতেই তৃণমূলের পক্ষে 'স্বাধিকার ভঙ্গে'র নোটিশ আনা হয়েছে।

************************

রাজ্য বিধানসভার অধ্যক্ষের কাছে ঐ 'স্বাধিকার ভঙ্গে'র নোটিশ জমা পড়েছে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেছেন, তাঁর কাছে 'স্বাধিকার ভঙ্গে'র যে নোটিশ জমা পড়েছে, তা' খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

( বাইট- স্পিকার বিমান )

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পহেলগাঁও হামলা ও অপেরেশন সিঁদুরের পর, বহু দলীয় প্রতিনিধিদল, যেভাবে বিভিন্ন দেশে গিয়ে সন্ত্রাসবাদ প্রতিরোধে ভারতের অবস্থান তুলে ধরেছে, তাতে তিনি গর্বিত।

তিনি গত সন্ধ্যায় সাতটি সর্বদলীয় প্রতিনিধিদলের সদস্যদের তার বাসভবনে আমন্ত্রণ জানান। এই দলগুলির সম্প্রতি বিভিন্ন দেশের ৩৩ টি রাজধানী সফর করে পাকিস্তানের মদতপুষ্ট সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের দৃঢ় অবস্থান তুলে ধরে।

প্রধানমন্ত্রীর বাসভবনে অনুষ্ঠিত এই বৈঠকে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, DMK সাংসদ কানিমোড়ি, বিজেপি সাংসদ রবিশঙ্কর প্রসাদ, অনুরাগ সিং ঠাকুর, বাঁশরি স্বরাজ, নিশিকান্ত দুবে, কংগ্রেস সাংসদ শশী থারুর এবং মনীশ তিওয়ারী সহ অন্যরা উপস্থিত ছিলেন।

পরে সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী মোদী বলেন, এই প্রতিনিধিদলের সদস্যরা শান্তি স্থাপনে ভারতের অঙ্গিকারবদ্ধতা এবং সন্ত্রাসবাদ নির্মূল করার প্রয়োজনীয়তা সম্পর্কে অন্যদের সামনে যথাযথভাবে তা' তুলে ধরতে সক্ষম হয়েছেন। যেভাবে তারা ভারতের দৃষ্টিভঙ্গি সকলের সামনে উপস্থাপন করেছেন, তাতে গোটা দেশই রীতিমতো গর্ব অনুভব করছে।

************************

OBC সংরক্ষণ নিয়ে রাজ্যে চলা জটিলতার অবসানের পথ খুলল। বিধানসভায় গতকাল অন্তর্বর্তী তালিকা সংক্রান্ত রিপোর্ট পেশ করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তিনি জানান, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনেই ১৪০টি শ্রেণিকে OBC হিসেবে চিহ্নিত করা হয়েছে। আরও ৫০টি শ্রেণিকে নিয়ে সমীক্ষা চলছে। আগে রাজ্যে ১৭ শতাংশ সংরক্ষণ ছিল। কিন্তু হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশে ১১৩টি শ্রেণি তালিকা থেকে বাদ পড়ে। সেই অসুবিধা দূর করতেই রাজ্য সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। আদালতের নির্দেশে তিন মাসের সময়সীমার মধ্যে অন্তর্বর্তী তালিকা তৈরি করে সরকার। কমিশনের সুপারিশ অনুযায়ী যে ১৪০টি শ্রেণিকে অন্তর্ভুক্ত করা হয়েছে—যার মধ্যে OBC-'এ' শ্রেণিতে রয়েছে ৪৯টি এবং OBC-'বি' শ্রেণিতে ৯১টি। আরও ৫০টি

শ্রেণিকে নিয়ে কমিশনের নেতৃত্বে চলছে বিস্তারিত সমীক্ষা। কমিশন রিপোর্ট জমা দিলেই সরকার ব্যবস্থা নেবে। মুখ্যমন্ত্রীর অভিযোগ, OBC তালিকা নিয়ে উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে।

এদিকে, OBC তালিকা নিয়ে সংখ্যালঘু তোষণের অভিযোগ তুলেছে প্রধান বিরোধী দল বিজেপি।

***********************

দক্ষিণবঙ্গের মুর্শিদাবাদ ও নদীয়া জেলার গঙ্গা ভাঙ্গন নিয়ে বিধানসভায় আজ আলোচনা হবে।

অধিবেশনের দ্বিতীয়ার্ধে নদী ভাঙনে ক্ষতিগ্রস্থ এই দুই জেলার বর্তমান অবস্থা ও তা প্রতিরোধে সেচ ও জলপথ দপ্তরের ভূমিকা নিয়ে আলোচনা হওয়ার কথা। ঘন্টা দেড়েক আলোচনা চলবে বলে বিধানসভা সূত্রে জানা গেছে।

***********************

রাজ্যে ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারে ব্যাঙ্ক ও সরকার একসঙ্গে কাজ করায় ঋণ পাওয়া, আগের তুলনায় সহজ হয়েছে বলে বিভাগীয় মন্ত্রী চন্দ্রনাথ সিন্‌হা জানিয়েছেন। বিধানসভায় গতকাল প্রশ্নোত্তর পর্বে তৃণমূল কংগ্রেসের মধুসূদন বাগের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, ক্ষুদ্র ও কুটির শিল্পক্ষেত্রে এপর্যন্ত ৩০০ কোটি টাকার ঋণ মঞ্জুর হয়েছে।

তবে, বিজেপি বিধায়ক অশোক লাহিড়ী, মন্ত্রীর এই পরিসংখ্যানের ভিত্তিতে পাল্টা প্রশ্ন তুলেছেন। এই ৩০০ কোটির মধ্যে রাষ্ট্রায়ত্ত, সমবায় না বেসরকারি, কোন্ ব্যাঙ্ক সবচেয়ে বেশি ঋণ দিয়েছে, তা জানতে চান তিনি। গত ১৪ বছরে ব্যাঙ্কগুলির ঋণ দেওয়ার অভিজ্ঞতা কেমন সেকথাও জানতে চেয়েছেন শ্রী লাহিড়ী।

জবাবে মন্ত্রী জানিয়েছেন, তাঁর কাছে এনিয়ে বিস্তারিত তথ্য নেই। তবে তিনি এও জানান, সরকারি ব্যাঙ্কগুলিই সবচেয়ে বেশি ঋণ দিচ্ছে।

***********************

বাংলাদেশের কোটা বিরোধী আন্দোলনে অংশগ্রহণকারী কাকদ্বীপের ভোটার নিউটন দাসের বিষয়ে বিস্তারিত রিপোর্ট চেয়েছে রাজ্য নির্বাচন কমিশন।

কাকদ্বীপ মহকুমা শাসকের দপ্তর থেকে প্রথম রিপোর্টও জমা পড়েছে দক্ষিণ ২৪ পরগনা নির্বাচন দপ্তরে। কিন্তু তাতে সন্তুষ্ট নয় নির্বাচন দপ্তর। দ্বিতীয় ও বিস্তারিত রিপোর্ট চেয়ে পাঠানো হয়েছে মহকুমাশাসকের কাছে।

কাকদ্বীপের স্বামী বিবেকানন্দ গ্রাম পঞ্চায়েতের সুভাষনগরে আজ নিউটনের দাদা তপন দাসের বাড়িতে যাবেন ওই বুথের ভোটার তালিকার সঙ্গে যুক্ত BLO ( বুথ লেভেল অফিসার)। নিউটন সম্পর্কে বিস্তারিত রিপোর্ট নেবেন তিনি। কত সালে নিউটন এরাজ্যে এসেছিল, কত সালে ভোটার তালিকায় নাম উঠল, কোন্ আত্মীয়ের মাধ্যমে নাম উঠল- সে সম্পর্কে বিস্তারিত তথ্য নেবেন তিনি। এই রিপোর্টের পরেই নিউটনের ভোটার কার্ড নিয়ে তদন্ত শুরু করবে জেলা প্রশাসন।

************************

ডায়মন্ড হারবার লোকসভা নির্বাচনের ফলাফল চ্যালেঞ্জ করে দায়ের হওয়া ইলেকশন পিটিশন মামলায় লিখিত বক্তব্য জানানোর জন্য সময় চেয়েছেন ওই কেন্দ্রের বিজয়ী তৃণমূল প্রার্থী অভিষেক বন্দ্যোপাধ্যায়। মামলাকারী ভারতীয় জনতা পার্টির পরাজিত প্রার্থী অভিজিৎ দাস ওরফে ববির তরফে আইনজীবী বিল্বদল ভট্টাচার্য অবশ্য এর বিরোধিতা করেছেন। বিচারপতি সুগত মজুমদার ১০'ই জুলাই তাঁর লিখিত বক্তব্য জমা দেওয়ার জন্য অভিষেককে নির্দেশ দিয়েছেন। ওইদিনই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, নিয়ম অনুয়ায়ী মামলা দায়ের হওয়ার পর বিরোধী পক্ষকে বক্তব্য জানাতে ১২০ দিন পর্যন্ত সময় দেওয়া হয়। সেই সময় এখনো অতিক্রান্ত হয়নি।

************************

উচ্চ প্রাথমিকে শিক্ষক নিয়োগে আজ কাউন্সেলিং। তার আগে গতকাল কলকাতা হাইকোর্ট, মহুয়া ঘোষ ও শ্রীপর্ণা চক্রবর্তী সহ চার চাকরিহারাকে এই নিয়োগে অংশগ্রহণ করার সুযোগ দিতে বলেছেন।

বিচারপতি সৌগত ভট্টাচার্য, স্কুল সার্ভিস কমিশন- SSC কে এই নির্দেশ দেন।

উল্লেখ্য, একাদশ -দ্বাদশে চাকরি পেয়ে যাওয়ায় ২০১৬ সালে উচ্চ প্রাথমিকে নিয়োগে সুযোগ দেওয়া হয়নি এই প্রার্থীদের। কিন্তু সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরি হারানোর পর তারা আদালতের দ্বারস্থ হন।

যেহেতু কাউন্সেলিং এখনো চলছে, তাই সেখানে তাঁদের সুযোগ দেওয়ার আর্জি জানান এই চাকরী প্রার্থীরা।

************************

পশ্চিম মেদিনীপুরের দুটি প্রাথমিক বিদ্যালয়ে দুজন পড়ুয়া তীব্র গরমে অসুস্থ হয়ে পড়েছে।

জেলার ঘাটাল মহকুমার ক্ষীরপাই এলাকায় গতকাল "লোকসভা সমিতি নিম্ন বুনিয়াদি বিদ্যালয়"- এর চতুর্থ শ্রেণীর ছাত্রী অর্চনা টুডু আচমকা মাথা ঘোরানো ও বমি বমি ভাবের কথা জানায়। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা তাকে প্রাথমিক চিকিৎসার পর বাড়িতে পাঠিয়ে দেন।

অন্যদিকে, সবং থানার বড়চারা পূর্বপাড়া প্রাথমিক বিদ্যালয়ের এক ছাত্রও ক্লাস চলাকালীন হঠাৎ অস্বস্তি বোধ করে পড়ে যায়। তাকেও সঙ্গে সঙ্গে বিদ্যালয় কর্তৃপক্ষ চিকিৎসার ব্যবস্থা করে দেন এবং পরিবারের হাতে তুলে দেন।

দুটি ঘটনাতেই গভীর উদ্বেগ প্রকাশ করেছেন অভিভাবকরা।

************************

রাজ্যে সরকারি এবং সরকার পোষিত স্কুলগুলিতে দ্বাদশ শ্রেণী এবং তৃতীয় ও চতুর্থ সেমিস্টারে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য খরচের তালিকা ঘোষণা করা হয়েছে। ২০২৫-২৬ শিক্ষাবর্ষ থেকে তা বলবৎ হবে। 'পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদে'র তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, শিক্ষার্থীদের জন্য কেন্দ্রের অনুদান খরচ ১৫ টাকা থেকে বাড়িয়ে করা হয়েছে ২৫ টাকা।

***********************

শর্ত সাপেক্ষে ১৫ বছরের পুরোনো বাণিজ্যিক গাড়িকে রাস্তায় চালানো যাবে বলে পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী জানিয়েছেন। তিনি গতকাল কলকাতায় বলেন, এব্যাপারে কলকাতা হাইকোর্টের থেকে ইতিবাচক সাড়া পাওয়া গেছে। ১৫ বছরের পুরনো বাণিজ্যিক গাড়িকে বছরের দুবার অর্থাৎ ৬ মাস অন্তর ফিটনেস পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যদি দূষণ না ছড়ায়, তাহলে সেই গাড়ি অবশ্যই রাস্তায় চলতে পারবে। এর ফলে, KMDA এলাকার প্রায় দেড় হাজার বাস বসে যাওয়া আশঙ্কা থাকছে না।

এদিকে, ১৫ বছরের পুরনো গাড়িকে বছরে দুবার স্বাস্থ্য পরীক্ষার সম্মুখীন হতে হলে গাড়ির মালিকদের বিপুল পরিমাণ খরচের সম্মুখীন হতে হবে বলে বেসরকারি বাস মালিক সংগঠন- 'জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেটস'-এর সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। তিনি বলেন, গাড়ি যদি দূষণ না ছড়ালে তা' রাস্তায় চলাচলের উপযোগী। কিন্তু বছরে দুবার গাড়ির ফিটনেস পরীক্ষা করতে গেলে প্রচুর অর্থ ব্যয় হবে।

***********************

জলপাইগুড়ি–শিয়ালদহ সরাসরি ট্রেন পরিষেবা আগামী ১৪ জুন চালু হচ্ছে। ওইদিন বিকেলে জলপাইগুড়ি রোড স্টেশনে এক অনুষ্ঠানে নতুন ট্রেনটির উদ্বোধন করা হবে। পরে রাত সাড়ে আটটায় প্রথম ট্রেনটির যাত্রা শুরু হবে।

রেলসুত্রে জানা গেছে, আপাতত সপ্তাহে এক দিন করে ট্রেনটি চলবে। প্রতি শুক্রবার রাত ১১' টা ৪০ মিনিটে শিয়ালদা থেকে ছেড়ে শনিবার বেলা ১২'টা ১৫ মিনিটে তা' জলপাইগুড়ি পৌঁছবে। শনিবার রাত সাড়ে ৮'টায় আবার জলপাইগুড়ি থেকে ট্রেনটি রওনা দিয়ে রবিবার সকাল ৮'টা ১০-এ তা' শিয়ালদা পৌঁছবে।

জলপাইগুড়ির সাংসদ ডাক্তার জয়ন্ত রায় জানিয়েছেন, নতুন এই ট্রেন, যোগাযোগ ব্যবস্থা আরও সুদৃঢ় করবে।

***********************

যাত্রীদের নিরাপত্তা, সুরক্ষা এবং সুবিধার কথা বিবেচনা করে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন দমদম ক্যান্টনমেন্ট-বনগাঁ শাখায় পরীক্ষামূলকভাবে ৫ টি নতুন লোকাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আগামীকাল নতুন এই ট্রেন চালানো হবে বলে শিয়ালদা ডিভিশন সূত্রে জানা গেছে।

***********************

নদীয়ার পাথরঘাটায় তৃণমূল কংগ্রেসের গোষ্ঠী সংঘর্ষে সাত জনের আহত হয়েছেন। গতকাল পাথরঘাটা এক নম্বর গ্রাম পঞ্চায়েতের শাহাবুদ্দিন মন্ডল স্মৃতি হাইস্কুলে তেহট্টের প্রয়াত বিধায়ক তাপস সাহার স্মরণসভা চলাকালীন দুপক্ষের মধ্যে ব্যাপক গন্ডগোল বেঁধে যায়। স্থানীয় এক তৃণমূল নেতার বক্তব্যের পরই গন্ডগোল আরো আরো তীব্র আকার ধারণ করে। বাঁশ দিয়ে মারধোরের অভিযোগ ওঠে।

সাতজন আহত হয়েছেন বলে জানা গেছে।

***********************

আজ জগন্নাথ দেবের স্নান যাত্রা। জ্যৈষ্ঠ পূর্ণিমা তিথিতে স্নান যাত্রায় ধর্মীয় রীতি মেনে জগন্নাথ দেব, বলভদ্র ও দেবী সুভদ্রাকে স্নান বেদীতে নিয়ে এসে স্নান করানো হয়। তারপর ১৫ দিন বন্ধ রাখা হয় জগন্নাথ দেবের মন্দির। তবে ওই সময় জগন্নাথ দেবের নিত্য পুজো যথারীতি সম্পন্ন হবে। রথের আগে ফের রাজবেশে জগন্নাথ দেবকে দেখতে পাবেন ভক্তরা।

স্নানযাত্রা উপলক্ষে পুরীর জগন্নাথ মন্দিরের পাশাপাশি এরাজ্যেও হুগলির মাহেশ, নদীয়ার মায়াপুর সহ বিভিন্ন মন্দিরে বহু ভক্ত সমাগম হয়েছে। মায়াপুরে ইস্কনের রাজাপুর জগন্নাথ মন্দিরে ভোরে মঙ্গলারতির পর চলে তুলসী আরতি।

***********************************************************